দৈনিক জনকণ্ঠ

২৯/৭/২০০৭


তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৭

ক্যাডাররা অস্ত্র লুকিয়ে ফেলছে...

# এফ রহমান হলে তল্লাশি ॥ একটি বন্দুক ও একটি পিস্তল উদ্ধার!

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব পালনের এই তিন মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে কোন ছাত্র সংগঠনের একচ্ছত্র আধিপত্য এবং দখলদারিত্ব থাকছে না। পুলিশের ঝটিকা

*(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)*



*ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল থেকে পুলিশী তল্লাশির সময় বিভিন্ন ধরনের অস্ত্র উদ্ধার হয় —জনকণ্ঠ*

*(প্রথম পাতার পর)*

## এফ রহমান হলে

অভিযানের ভয়ে ক্যাডাররা অস্ত্র লুকিয়ে ফেলছে এবং অছাত্র-বহিরাগতরা হল ছাড়তে শুরু করেছে। পুলিশী তল্লাশির ভয়ে সাধারণ ছাত্ররা হলে কোন অতিথি পর্যন্ত রাখছে না। মঙ্গলবার গভীর রাতে পুলিশ এফ রহমান হলে তল্লাশি চালিয়ে একটি বন্দুক, একটি পিস্তল, ২৮ রাউন্ড গুলিসহ কয়েকটি চাপাতি উদ্ধার করেছে। পুলিশ এ সময় হলে অতিথি হিসাবে অবস্থানকারী খোকন নামের এক বহিরাগত যুবককে গ্রেফতার করেছে। হলে তল্লাশির সময় বিডিআর সদস্যরা পুলিশকে সহায়তা করেছে। ছাত্রলীগ বুধবার অছাত্র-বহিরাগত মস্তানদের ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ করার দাবিতে মিছিল-সমাবেশ করেছে।

গত মঙ্গলবার গভীর রাতে একই সময়ে বিশ্ববিদ্যালয়ের উত্তরপাড়ার ছ'টি হলে তল্লাশি চালানোর কথা ছিল। কিন্তু রাত ১০টার পর খবর ফাঁস হয়ে যাওয়ার কারণে সব হলে তল্লাশি চালানো হয়নি।